কালের কণ্ঠ

তারিখ ... 20 APR 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

## কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে কৃতী শিক্ষার্থীদের পদক প্রদান করেন। ছবি : পিআইডি

# ২৯ কৃতী শিক্ষার্থীকে ৩২ স্বর্ণপদক

## সোনার বাংলা গড়তে অবদান রাখতে হবে : রাষ্ট্রপতি

**নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ▷**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, 'জাতি, ধর্ম, গোত্র, শ্রেণি, সম্প্রদায়ের নামে যে বিচ্ছিন্নতা ও পারস্পরিক ঘৃণার সৃষ্টি করা হচ্ছে তা থেকে মুক্তির উপায় নজরুলের কবিতা ও সাহিত্য। কবির সৃষ্টির উদ্দেশ্য ছিল মানবসৃষ্ট এই কৃত্রিম দেয়ালগুলো ভেঙে ফেলা। তাই সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সংগ্রাম করেছেন।'

গতকাল বুধবার বিকেলে ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে আচার্য ও প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রপতি এসব কথা বলেন।

গ্র্যাজুয়েটদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, 'সমাবর্তন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ অংশ। এ সমাবর্তন যেমন শিক্ষার্থীদের সাফল্য অর্জনকে স্বীকৃতি দিয়েছে, তেমনি তাদের ওপর পরিবার, দেশ ও জাতির প্রতি দায়িত্ব অর্পিত হয়েছে। মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে এ বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটরা তাদের মেধা, দেশপ্রেম ও মানবিক মূল্যবোধ দিয়ে ভবিষ্যৎ দেশ ও জাতির কল্যাণে কাজ করে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নে সচেষ্ট থাকবে।' বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে এক হাজার ৩৯৯ জন গ্র্যাজুয়েট অংশগ্রহণ করেন এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সর্বোচ্চ নম্বরধারী ২৯ জন শিক্ষার্থীকে ৩২টি স্বর্ণপদক দেওয়া হয়।

রাষ্ট্রপতি বলেন, 'জাগরণের কবি, অসাম্প্রদায়িক চেতনার কবি নজরুলের ক্ষুরধার লেখনীর স্ফুলিঙ্গ যেমন ব্রিটিশ শাসনের ভিত কাঁপিয়েছে, তেমনি তাঁর বাণী ও সুরের অমিয় ঝরনাধারা সিঞ্চিত করেছে বাঙালির হৃদয়। পরাধীন ব্রিটিশ আমলে সব ভয়ভীতি উপেক্ষা করে কবি বাংলা ও বাঙালির জয়গান গেয়েছেন। আমাদের মহান মুক্তিযুদ্ধে কবির গান ও কবিতা অনিঃশেষে প্রেরণা জুগিয়েছে। আমার দৃঢ় বিশ্বাস, নতুন প্রজন্ম নজরুলচর্চার মাধ্যমে নিজেদের সমৃদ্ধ করতে সক্ষম হবে। দেশপ্রেম, সততা, নিষ্ঠা দিয়ে সুখী, সমৃদ্ধ সোনার বাংলা গড়তে অর্থবহ অবদান রাখবে।'

রাষ্ট্রপতি আরো বলেন, 'নজরুল আমাদের জাতীয় কবি, গানের কবি, বিদ্রোহী কবি। তাঁর নামাঙ্কিত এই বিশ্ববিদ্যালয় কবির বিস্ময়কর সৃষ্টিশীল কর্ম যেমন প্রজন্ম থেকে প্রজন্মান্তরে ছড়িয়ে দেবে, তেমনি তাঁর প্রতি আমরা সত্যিকারার্থে শ্রদ্ধা নিবেদন করতে পারব।'

রাষ্ট্রপতি বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐকান্তিক চেষ্টা ও আগ্রহে ১৯৭২ সালের ২৪ মে কাজী নজরুল ইসলামকে ভারত থেকে বাংলাদেশে নিয়ে এসে কবি ও তাঁর পরিবারের সদস্যদের জন্য একটি বাড়ি বরাদ্দ দেওয়া হয়। নজরুল ইসলামকে জাতীয় কবির মর্যাদা দেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।'

রাষ্ট্রপতি আরো বলেন, 'বাংলাদেশ আজ সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে। পদ্মা সেতু আজ কল্পনা নয়। বর্তমান সরকার যুদ্ধাপরাধীর বিচার, বঙ্গবন্ধু হত্যার বিচার, জঙ্গিবাদ দমন, ক্ষুধা-দারিদ্র্য দূরীকরণসহ আর্থসামাজিক ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করেছে।'

অনুষ্ঠানের শুরুতে ধর্মীয় গ্রন্থ থেকে পাঠ শেষে বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের পরিবেশনায় নৃত্যসহ সূচনা সংগীতের পর শুভেচ্ছা বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলম। সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য দেন ইমেরিটাস প্রফেসর ড. রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। এর পরই রাষ্ট্রপতি ও চ্যান্সেলর কর্তৃক ডিগ্রি ও স্বর্ণপদক প্রদান করা হয়।

উল্লেখ্য, ২০০৬ সালে নজরুল স্মৃতিবিজড়িত ময়মনসিংহ জেলার ত্রিশালে প্রতিষ্ঠা করা হয় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়। এ শিক্ষালয়টি ১১ বছরে পা রাখল। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর এবারই প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হলো।

**সড়কপথে বঙ্গভবনে গেলেন রাষ্ট্রপতি :** দুর্যোগপূর্ণ আবহাওয়া ও মুষলধারে বৃষ্টির কারণে হেলিকপ্টারে না গিয়ে সড়কপথেই ঢাকায় বঙ্গভবনে গেলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল দুপুরে ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন উপলক্ষে দুপুর ২টায় হেলিকপ্টারে ক্যাম্পাসসংলগ্ন মাঠে অবতরণ করেন তিনি। এ সময় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহীত উল আলম তাঁকে স্বাগত জানান। এরপর রাষ্ট্রপতি ভিসি বাংলোতে সমাবর্তন পোশাক পরিধান করে সমাবর্তন শোভাযাত্রাসহ মঞ্চে আসেন। অনুষ্ঠান শেষ হওয়ার পর রাষ্ট্রপতি ভিসি বাংলোতে অবস্থান করার সময় প্রবল বাতাস ও মুষলধারে বৃষ্টি শুরু হয়। প্রায় ঘণ্টাব্যাপী বৃষ্টি থাকায় শেষ পর্যন্ত সড়কপথেই রাষ্ট্রপতি ঢাকায় বঙ্গভবনের উদ্দেশে রওনা হন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
...পরিসংখ্যান বিভাগ
...ডি.এল.পি বিভাগ
...সিস্টেম এনালিস্ট
...সিস্টেম ম্যানেজার
...নিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে